

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: DhakaPA@state.gov

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



সংবাদ বিজ্ঞপ্তি

রোম-এ জাতিসংঘ সংস্থাসমূহে নিযুক্ত যুক্তরাষ্ট্রের প্রতিনিধি ঢাকা আসছেন

ঢাকা, ২৭শে মার্চ -- রোম-এ জাতিসংঘ সংস্থাসমূহে যুক্তরাষ্ট্রের অষ্টম প্রতিনিধি রাষ্ট্রদূত গ্যাডি ভাসকেজ আগামীকাল বাংলাদেশে আসছেন। রাষ্ট্রদূত ভাসকেজ ৩১শে মার্চ থেকে ৩রা এপ্রিল পর্যন্ত ঘূর্ণিঝড় সিডর-আক্রান্ত এলাকার গ্রামীণ জনসাধারণের অবস্থা পরিদর্শন করবেন। এই সফরকালে তিনি গত বছর ঘূর্ণিঝড়ে ধ্বংসপ্রাপ্ত অঞ্চলে যুক্তরাষ্ট্র, আন্তর্জাতিক সংস্থা এবং বেসরকারি সংস্থাসমূহ খাদ্য নিরাপত্তার জন্য অংশীদারিত্ব জোরদার করতে কিভাবে একত্রে কাজ করছে তা প্রত্যক্ষ করবেন। রাষ্ট্রদূত ভাসকেজ ইরাক, ভারত, ইতালি, মরক্কো, কাতার এবং বাংলাদেশের একদল সাংবাদিককে নেতৃত্ব দেবেন। তারা সবাই কৃষক, বিভিন্ন জনগোষ্ঠীর প্রতিনিধি, সরকারি কর্মকর্তা এবং ধর্মীয় নেতৃবৃন্দের সঙ্গে মিলিত হবেন এবং সিডরের ধ্বংসাত্মক প্রভাব কাটিয়ে উঠতে মানবিক ও কৃষি সহায়তা অংশীদারিত্বের বিষয়গুলো কিভাবে স্থানীয় জনগোষ্ঠীকে আরো ভালোভাবে সাহায্য করতে পারে তা নিয়ে আলোচনা করবেন।

প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ মনোনীত রাষ্ট্রদূত ভাসকেজ-এর নিয়োগ যুক্তরাষ্ট্র সিনেট কর্তৃক সর্বসম্মতভাবে ২০০৬ সালের ২৯শে জুন নিশ্চিত করা হয়। একই বছরের ৭ই সেপ্টেম্বর পররাষ্ট্র সচিব কন্ডোলিৎসা রাইস তার শপথবাক্য পাঠ করান। রাষ্ট্রদূত ভাসকেজ অতি সম্প্রতি 'যুক্তরাষ্ট্র পিস কোর'-এর পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং তিনি এই সংস্থার ৪৭ বছরের ইতিহাসে তৃতীয় সর্বোচ্চ সময়ের জন্য পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

=====

জিআর/ ২০০৮

দ্রষ্টব্য: এই নিবন্ধের ইংরেজি ভাষ্য 'আমেরিকান সেন্টার'-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন, তবে 'আমেরিকান সেন্টার'-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল:

DhakaPA@state.gov এবং ওয়েবসাইট: dhaka.usembassy.gov) যোগাযোগ করুন।